# উপজেলা আইসিটি বিষয়ক কমিটির আগস্ট ২০২৫ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : এ, কে, এম, নূর হোসেন নির্ঝর
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ : ২৫/০৮/২০২৫ খ্রি:। সভার সময় : সকাল-১২.৩০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পুঠিয়া, রাজশাহী

**সভায় উপস্থিতির বিস্তারিত আলোচনাসমূহঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী এবং সভাপতি, উপজেলা আইসিটি কমিটি সভার উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। অত:পর উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, পুঠিয়া, রাজশাহী ও সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি নিম্নোক্ত আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

| ক্রম | **বিষয়** | **বিস্তারিত আলোচনা** | সিদ্ধান্ত | **বাস্তবায়নে** |
|---|---|---|---|---|
| **১.১** | **গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ** | সভায় গত ৩০ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কারোও কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | গত ৩০ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ----- |
| ১.২ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে তাদের নিজ নিজ দপ্তরের তথ্যগুলো নিয়মিত হালনাগাদ ও বর্তমানে ওয়েব পোর্টালের অন্তর্ভুক্ত সর্বাপেক্ষা দুর্বল দপ্তরের নাম উল্লেখপূর্বক দ্রুত সমাধানের জন্য অনুরোধ জানানো হয়। | ২.১। ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br><br>২.২।ওয়েব পোর্টালে জরুরি হালনাগাদ এর জন্য সহকারী প্রোগ্রামারকে কারিগরি সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br><br>২.৩। সকল দপ্তর প্রধান মাসে অন্তত ০২ বার ওয়েব পোর্টালে লগইন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।দপ্তর প্রধান(সকল), পুঠিয়া<br><br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া।<br>৩। সকল দপ্তর প্রধান |
| ১.৩ | **ডি-নথি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত** | সভাপতি অবহিত করেন যে, প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা কার্যালয়ের সকল অফিসে ডি-নথিতে চিঠি পত্র আদান প্রদান এবং সকল ডাক নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | যে সকল দপ্তর ডি-নথি সিস্টেমে লাইভে রয়েছে, সে সকল দপ্তরকে ডি-নথির কার্যক্রম বেগবান করার জন্য অনুরোধ জানান। | ১। ডি-নথি লাইভে অন্তর্ভুক্ত সকল দপ্তর প্রধান। |
| ১.৪ | আইসিটিডি ডিজিটাল ল্যাব সংক্রান্ত | সভাপতি বলেন, আইসিটিডি ডিজিটাল ল্যাব এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামারকে নিয়মিত সকল ল্যাবসমূহ পরিদর্শন এবং তদারকি করার জন্য তাগিদ প্রদান করেন ও SOMS(Smart Office Management System) সফটওয়্যার নিয়ে আলোচনা করা হয়। | ১। উপজেলার সকল আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল অব ফিউচার এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার নিয়মিত সকল ল্যাবসমূহ পরিদর্শন ও সহকারী প্রোগ্রামারকে SOMS সটওয়্যারে soms.gov.bd তে লগইন করে পরিদর্শনের তথ্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |
| **১.৫** | মাল্টিমিডিয়া ক্লাসরুম | অত্র উপজেলায় যে সব শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম আছে তা নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ জানানো হয় এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ জানানো | ১। সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে মাল্টিমিডিয়া সংক্রান্ত তথ্য নিয়মিত | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। মাল্টিমিডিয়া সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করার বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। | আপলোড করেছে কিনা দেখবেন মর্মে আকারে গৃহীত হয়। | শিক্ষা অফিসার, পুঠিয়া। |
| **১.৬** | **সুরক্ষাসংক্রান্ত** | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত সেবা ও করণীয় সম্পর্কিত নানাবিধ আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে সুরক্ষা সংক্রান্ত বিষয়ে সাধারণ জনগন সেবা নিতে আসলে সেবা গ্রহীতাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী তে প্রেরণ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |
| **১.৭** | **ডিজিটাল সংযোগ স্থাপন(ইডিসি)** | প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড সংযোগ প্রদানের জন্য পুঠিয়া উপজেলায় জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, প্রাথমিক, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিক, সমাজসেবা অধিদপ্তর সহ মোট ১৯৬টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ এর মধ্যে ১৬০ টি কানেক্টিভিটি স্থাপন সম্পন্ন হয়। এগুলোর রক্ষণাবেক্ষণের কাজ চলমান রয়েছে। সমস্যা দ্রুত চিহ্নিত করে সমাধানের করা হচ্ছে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প" এর আওতায় রাজশাহী জেলার অন্তর্গত পুঠিয়া **উপজেলা**র ১৯৬টি ইন্টারনেট সংযোগ এর মধ্যে Asia Pacific Communication Ltd. কর্তৃক ১৬০ টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে এবং এর আওয়াতাধীণ সকল প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট ISP প্রতিষ্ঠানকে সহযোগিতা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, পুঠিয়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এ, কে, এম, নূর হোসেন নির্ঝর)
উপজেলা নির্বাহী অফিসার
পুঠিয়া,রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮৬৮৬২১(অফিস)
ইমেইল ঃ unoputhia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পুঠিয়া, রাজশাহী।
http://doict.puthia.rajshahi.gov.bd

স্মারক নং- : ৫৬.০৪.৮১৮২.০০০.০৬.০০১.২৫.১১

০৯ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-
১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক( শিক্ষা ও আইসিটি), রাজশাহী।
৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী।

shahida
( মোছা: সাহিদা আক্তার)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, পুঠিয়া, রাজশাহী।